# বাংলাদেশমাদ্রাসাশিক্ষাবোর্ড, ঢাকা

২নংঅরফ্যানেজরোড, বখশিবাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০২.১৯-২৮৩ তারিখ: ০৫.০৮.২০২০খ্রিঃ

বিষয়: ১৫ আগস্ট ২০২০ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২০ যথাযথভাবে পালন প্রসঙ্গে

সূত্র:
১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৩৯৩; তারিখ: ২৯ জুলাই ২০২০
২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪০.১৬.০২৭.১৭-৫৩৫; তারিখ: ৩০ জুলাই ২০২০ খ্রিস্টাব্দ
৩) বাংলাদেশ স্কাউটস এর পত্র নং- বাঃ স্কাঃ (প্রশাঃ ১০৯১)/১৮৭(১৫৬০)/২০২০; ০৩ আগস্ট ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ১৫ আগস্ট ২০২০ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস-২০২০ যথাযথভাবে পালন উপলক্ষ্যে গত ১৬.০৭.২০২০খ্রিঃ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ বিভাগের আন্তঃমন্ত্রণালয় ভার্চুয়াল সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়েছে-

| ক্রমিক | কর্মসূচি |
|---|---|
| ১(ক) | ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সরকারি, আধা-সরকারি স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। |
| ৮ | জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ করবে। পোষ্টার মুদ্রণ ও বিতরণ এবং বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করবে। শিক্ষা প্রতিষ্ঠান/গ্রোথ সেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোষ্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। |
| ১১ (ক) | ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের জন্য বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে। |
| ১৬ | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্ট অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। |

বর্ণিত অবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ২নং স্মারকের নির্দেশনা এবং বাংলাদেশ স্কাউটস কর্তৃক জারিকৃত ৩নং স্মারকের পরিপত্র মোতাবেক উল্লিখিত সিদ্ধান্ত স্ব-স্ব অধিক্ষেত্রে যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক বাস্তবায়নের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন দেশের সকল মাদ্রাসার অধ্যক্ষ/সুপার, পরিচালনা কমিটি ও বাংলাদেশ স্কাউটস এর সকল পর্যায়ের সদস্যবৃন্দকে অনুরোধ করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ১২ (বার) পাতা।

05.08.2020

(মোঃ সিদ্দিকুর রহমান)
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ৯৬১২৮৫৮

বিতরণ- কার্যার্থে:
১. সভাপতি/সদস্যবৃন্দ, পরিচালনা কমিটি;
২. অধ্যক্ষ/সুপার;
৩. সদস্য- বাংলাদেশ স্কাউটস; বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আওতাধীন সকল মাদ্রাসা।

নং-৩৭.১৬.০০০০.০০৯.২৩.০০২.১৯-২৮৩(৯) তারিখ: ০৫.০৮.২০২০খ্রিঃ

বিতরণ- জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
১. মাননীয় মন্ত্রির একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মাননীয় উপমন্ত্রির একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর, কাকরাইল, ঢাকা;
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ ও প্রচারের অনুরোধসহ);
৭. পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. পি এ টু রেজিস্ট্রার/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

5/8/2020

(মোঃ ওমর ফারুক)
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

Meeting Date: 06/8/2020
Time: 11:00 AM
Venue: Zoom Meeting

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
শাখা-১ (প্রশাসন ও অর্থ)
www.tmed.gov.bd.

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
চেয়ারম্যান মহোদয়ের দপ্তর
ডায়রী নং
তারিখ-
রেজিস্ট্রার
পরীক্ষা নিয়ন্ত্রক
পরিদর্শক
কারিকুলাম/
উপ-রেজিস্ট্রার প্রশাসন
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক সকল

নং-৫৭.০০.০০০০.০৪০.১৬.০২৭.১৭-৫৩৫

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪২৭ বঙ্গাব্দ
৩০ জুলাই, ২০২০ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ 'জাতীয় শোক দিবস' ২০২০ পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ফলো-আপ সভা আহ্বান।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং-০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৩৯৩; তারিখ: ২৯ জুলাই ২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত পত্রের ছায়ালিপি পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

30/7/2020

(মীর জাহিদ হাসান)
যুগ্মসচিব (প্রশাসন)
☏: ৪১০৫০১৩০

বিতরণ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, ৩৭/৩/এ ইস্কাটন রোড, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৫. পরিচালক, জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট, বোর্ড বাজার, গাজীপুর।

অনুলিপি (সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো):

১. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অফিস কপি।

30/07/2020 ডাক (৬৪) | অফিস ব্যবস্থাপনা

১২৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সাধারণ অধিশাখা
www.cabinet.gov.bd

জরুরি

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৩৯
তারিখ: ১৪ শ্রাবণ ১৪২
২৯ জুলাই ২০২

বিষয়:
'জাতীয় শোক দিবস' ২০২০ পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ফলো-আপ সভা আহ্বান।

আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতী শোক দিবস ২০২০ পালন উপলক্ষে গৃহীত কর্মসূচির বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য ফলো-আপ সভা আগামী ০৬ আগস্ট ২০২০ তারি বৃহস্পতিবার বেলা ১১:০০ ঘটিকায় মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় যথাসময়ে জুম অ্যাপসের মাধ্যমে অংশগ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। জুম অ্যাপস মিটিং লিংক, আইি ও পাসওয়ার্ড নিম্নে দেওয়া হলো:

Zoom Meeting Link

https://us02web.zoom.us/j/88685839147?pwd=eHpOUVhUY2hvRm5kS2VtTW9FVXZFZz09

**Meeting ID:** 886 8583 9147

**Passcode:** 524266

সংযুক্তি: কার্যপত্র সাত পৃষ্ঠা।

২৯-৭-২০২০

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
১) প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
৪) সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ
৫) সিনিয়র সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

৭) পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ
৮) সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
৯) সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
১০) সচিব, অর্থ বিভাগ
১১) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১২) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
১৩) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
১৪) সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
১৫) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
১৬) সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
১৭) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
১৮) সচিব, তথ্য মন্ত্রণালয়
১৯) সচিব, বিদ্যুৎ বিভাগ
২০) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
২১) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
২৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২৪) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
২৫) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
২৬) সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়
২৭) সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
২৮) সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
২৯) সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
৩০) রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ
৩১) কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি যাদুঘর, ধানমন্ডি, ঢাকা
৩২) প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর
৩৩) প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদফতর
৩৪) অতিরিক্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
৩৫) অতিরিক্ত সচিব, প্রশাসন ও বিধি অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
৩৬) অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ
৩৭) বিভাগীয় কমিশনার, ঢাকা
৩৮) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো
৩৯) মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন
৪০) মহাপরিচালক, বাংলাদেশ বেতার
৪১) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ
৪২) মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর
৪৩) মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
৪৪) মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
৪৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
৪৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
৪৭) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪৮) যুগ্মসচিব, পরিকল্পনা ও বাজেট অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৪৯) যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
৫০) জেলা প্রশাসক, ঢাকা
৫১) জেলা প্রশাসক, গোপালগঞ্জ
৫২) পুলিশ সুপার, গোপালগঞ্জ

মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
ইমেইল: general_sec@cabinet.gov.bd

২৯

তারিখ: ১৪ শ্রাবণ ১৪২৭
২৯ জুলাই ২০২০

অনুলিপি কার্যার্থে/জ্ঞাতার্থে

১) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

২) উপসচিব (সাধারণ সেবা), মন্ত্রিপরিষদ বিভাগ

৩) সিনিয়র সহকারী সচিব (সরকার গঠন ও রাষ্ট্রাচার), মন্ত্রিপরিষদ বিভাগ (কক্ষ বরাদ্দের অনুরোধসহ)

৪) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (জুম এপ্স-এ মিটিং আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

৫) সিনিয়র মেইন্টেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মাল্টিমিডিয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)

২৯-৭-২০২০
মোঃ সাজ্জাদুল হাসান
উপসচিব

বাংলাদেশ স্কাউটস, জাতীয়সদর দফতর
৬০ আঞ্জুমানমুফিদুলইসলাম রোড, কাকরাইল, ঢাকা-১০০০
: +৮৮-০২-৯৩৩৩৬৫১/৯৩৪২০৫৮ : +৮৮-০২-৯৩৪২২২৬
scouts.gov.bd ই-মেইল: adm@scouts.gov.bd

পত্র নং- বাঃ স্কাঃ (প্রশাঃ ১০৯১)/১৮৭(১৫৬০)/২০২০ তারিখ ঃ ১৯ শ্রাবণ ১৪২৭ / ০৩ আগস্ট ২০২০

## পরিপত্র

বিষয় : স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৫তম শাহাদাত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালন সম্পর্কীয়।

আগামী ১৫ আগস্ট ২০২০ শনিবার সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে পালন করতে হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২৭ জুলাই ২০২০ তারিখে জারিকৃত পত্র নম্বর-০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৩৮৬ এ সাথে সংযুক্ত করা হ'ল। উক্ত পত্রে বর্ণিত বিষয়সমূহ স্ব স্ব অধিক্ষেত্রে যথাযথ বাস্তবায়নের জন্য বাংলাদেশ স্কাউটস-এর সকল পর্যায়ের সদস্যবৃন্দকে অনুরোধ জানানো হ'ল।

সংযুক্তি: বর্ণনানুগ।

০৩/৮/২০২০
(আরশাদুল মুকাদ্দিস)
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

বিতরণ ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। কমিশনার / সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, (সকল) অঞ্চল;
২। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
৩। কমিশনার / সম্পাদক
বাংলাদেশ স্কাউটস, (সকল) জেলা/মেট্রোপলিটন/জেলা রোভার/রেলওয়ে জেলা/জেলা নৌ/জেলা এয়ার;
৪। কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, (সকল) উপজেলা;

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ
১। জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস;
২। জাতীয় উপ-কমিশনার (সকল), বাংলাদেশ স্কাউটস;

সদয় জ্ঞাতার্থেঃ
১। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

**স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস পালনের কর্মসূচি চূড়ান্তকরণ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় ভার্চুয়াল সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভার তারিখ | : ১৬ জুলাই ২০২০ |
| সময় | : বেলা ৩:০০ ঘটিকা |
| স্থান | : মন্ত্রিপরিষদ কক্ষ, মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভাপতি | : খন্দকার আনোয়ারুল ইসলাম<br>মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ |
| সভায় উপস্থিতি | : পরিশিষ্ট-ক |

০১। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আগামী ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে প্রস্তাবিত কর্মসূচির ওপর আলোচনার সূত্রপাত করেন। তিনি জানান যে বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস (কোভিড-১৯)-এর কারণে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবস ২০২০ পালন করতে হবে। সভাপতি আরও বলেন যে জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণ এবং গৃহীত কর্মসূচির সফল বাস্তবায়নের লক্ষ্যে এই সভার আয়োজন করা হয়েছে। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব জনাব সোলতান আহ্‌মদ প্রস্তাবিত কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০২। বিস্তারিত আলোচনার পর ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে সমগ্র বাংলাদেশে ও প্রবাসে জাতীয় শোক দিবস পালনের উদ্দেশ্যে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত কর্মসূচি গৃহীত হয়:

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১. | (ক) ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত থাকবে। | (ক) সকল মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর, সংস্থা ও দপ্তর, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| | (খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে এবং আলোচনা সভার আয়োজন করা হবে। | (খ) পররাষ্ট্র মন্ত্রণালয় |
| | **সহায়ক কার্যক্রম :** | |
| | (ক) বাংলাদেশ টেলিভিশন জাতীয় পতাকা অর্ধনমিত রাখা, ছেঁড়া বা বিবর্ণ পতাকা ব্যবহার না করা ও মানসম্মত কাপড়ে যথানিয়মে জাতীয় পতাকা প্রস্তুত করার বিষয়ে ব্যাপক প্রচার করবে। | (ক) বাংলাদেশ টেলিভিশন |
| | (খ) বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ যথাযথ মর্যাদায় ও ভাবগম্ভীর পরিবেশে জাতীয় শোক দিবস পালন করবে। | (খ) পররাষ্ট্র মন্ত্রণালয় |
| | (গ) তথ্য মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে প্রচারের জন্য যাবতীয় সিডি, পোস্টার ও অন্যান্য সামগ্রী সফ্‌টকপিসহ পর্যাপ্ত সময় পূর্বে পররাষ্ট্র মন্ত্রণালয়ের নিকট হস্তান্তর করবে। | (গ) তথ্য মন্ত্রণালয় |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ২. | সকাল ৬:৩০ ঘটিকায় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত।<br><br><u>সহায়ক কার্যক্রম:</u><br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে।<br><br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ধানমন্ডির ৩২ নম্বর রোডের বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের সম্মুখস্থ জাতির পিতার প্রতিকৃতি সংস্কার (প্রয়োজন অনুযায়ী), স্পট/ফ্লাড/অন্যান্য লাইট স্থাপন, দেয়াল ও গ্রীল রঙকরণ, অনুষ্ঠানস্থল যথাযথভাবে সজ্জিতকরণ, পুষ্পস্তবক সরবরাহ এবং প্রতিকৃতি-সংলগ্ন ফোয়ারায় পানি প্রবাহের মটর চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(গ) লেক সংলগ্ন জাতির পিতার প্রতিকৃতির দু'পাশের রিটেনশন ওয়াল-এর ফাটল মেরামত এবং সৌন্দর্যবৃদ্ধির জন্য লেকের চারপাশে ক্যাকটাস জাতীয় গাছ লাগানো।<br><br>(ঘ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলের সার্বিক আইন-শৃঙ্খলা রক্ষা, অগ্নিনির্বাপক যন্ত্রসহ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের প্রয়োজনীয় সংখ্যক গাড়ি রাখা, ট্রাফিক নিয়ন্ত্রণ ও গাড়ি পার্কিংয়ের প্রয়োজনীয় ব্যবস্থা করবে। স্বরাষ্ট্র মন্ত্রণালয় জাতীয় শোক দিবস পালন সংক্রান্ত সার্বিক নিরাপত্তার বিষয়ে আইন-শৃঙ্খলা বাহিনী ও সংশ্লিষ্টদের নিয়ে জুলাই ২০২০-এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২০-এর প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে।<br><br>(ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(চ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল ও এর পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। লেক সংলগ্ন বঙ্গবন্ধুর প্রতিকৃতির দুই পাশের লেকের ফোয়ারা চালু রাখতে হবে।<br><br>(ছ) অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করবে। | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br><br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br><br>(গ) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন<br><br>(ঘ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br><br>(ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ<br><br>(চ) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, জেলা প্রশাসন ঢাকা, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ<br><br>(ছ) তথ্য মন্ত্রণালয় ও গণযোগাযোগ অধিদপ্তর |
| ৩. | ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী জাতির পিতার পরিবারের সদস্যবৃন্দ ও অন্যান্য শহিদের কবরে (ঢাকার বনানীস্থ কবরস্থানে) সকাল ৭:৩০ ঘটিকায় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি অর্পণ এবং ফাতেহা পাঠ ও মোনাজাত।<br><br><u>সহায়ক কার্যক্রম:</u><br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে।<br>(খ) গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় পুষ্পস্তবক ও ফুলের পাপড়ি সরবরাহ করবে।<br>(গ) স্বরাষ্ট্র মন্ত্রণালয় অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>(ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন অনুষ্ঠানস্থল এবং পার্শ্ববর্তী এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।<br>(ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br>(খ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br><br>(গ) জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ<br>(ঘ) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন<br><br>(ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | (চ) অনুষ্ঠানস্থলে প্রয়োজনীয় সংখ্যক মাইক্রোফোনের ব্যবস্থা গ্রহণ করবে। | (চ) তথ্য মন্ত্রণালয় ও গণযোগাযোগ অধিদপ্তর |
| ৪. | ১৫ আগস্ট ২০২০ তারিখ শনিবার সকাল ১০:০০ ঘটিকায় গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ, পুষ্পস্তবক অর্পণ এবং মোনাজাত।<br>সহায়ক কার্যক্রম:<br>(ক) সশস্ত্র বাহিনী বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে।<br>(খ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ প্রয়োজনীয় পুষ্পস্তবক সরবরাহ করবে।<br>(গ) পুলিশ সুপার, গোপালগঞ্জ অনুষ্ঠানের সার্বিক নিরাপত্তা এবং অনুষ্ঠানস্থলে আইন-শৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।<br>(ঘ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ ফাতেহা পাঠ ও মোনাজাতের ব্যবস্থা গ্রহণ করবে।<br>ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্সসহ বিশেষজ্ঞ ডাক্তারের সমন্বয়ে মেডিকেল টিমের ব্যবস্থা করবেন।<br>চ) গণপূর্ত বিভাগ অনুষ্ঠানস্থলের সার্বিক পরিস্কার-পরিচ্ছন্নতাসহ প্রয়োজনীয় সংস্কারের ব্যবস্থা করবে। | (ক) সশস্ত্র বাহিনী বিভাগ<br>(খ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ<br>(গ) পুলিশ সুপার, গোপালগঞ্জ<br>(ঘ) জেলা প্রশাসন, গোপালগঞ্জ<br>(ঙ) সিভিল সার্জন, গোপালগঞ্জ<br>(চ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় |
| ৫. | টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে সামজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বিশেষ দোয়া মাহফিলের আয়োজন। | জেলা প্রশাসন, গোপালগঞ্জ |
| ৬. | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে সারাদেশের মসজিদসমূহে বাদ যোহর বিশেষ মোনাজাত এবং মন্দির, গির্জা, প্যাগোডা ও অন্যান্য ধর্মীয় প্রতিষ্ঠানে সুবিধাজনক সময়ে বিশেষ প্রার্থনা। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়,<br>বিভাগীয় কমিশনার (সকল),<br>জেলা প্রশাসক (সকল),<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| ৭. | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে বাংলাদেশ বেতার এবং বাংলাদেশ টেলিভিশন কর্তৃক বিশেষ অনুষ্ঠানমালা প্রচার।<br>সহায়ক কার্যক্রম:<br>(ক) বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার জাতীয় শোক দিবসের উল্লেখযোগ্য অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের মাধ্যমে অন্যান্য বেসরকারি টেলিভিশন, রেডিও চ্যানেল ও কমিউনিটি রেডিও যাতে উক্ত অনুষ্ঠানসমূহ সরাসরি সম্প্রচার করে সে বিষয়ে তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | (ক) তথ্য মন্ত্রণালয়,<br>বাংলাদেশ বেতার,<br>বাংলাদেশ টেলিভিশন ও<br>কমিউনিটি রেডিও |
| ৮. | জাতীয় দৈনিক ও সাময়িকীতে ক্রোড়পত্র প্রকাশ করবে। পোস্টার মুদ্রণ ও বিতরণ এবং বঙ্গবন্ধুর ওপর প্রামাণ্য চলচ্চিত্র প্রদর্শন করবে। শিক্ষা প্রতিষ্ঠান/গ্রোথ সেন্টারসহ গুরুত্বপূর্ণ স্থানে জাতীয় শোক দিবসের পোস্টার স্থাপন ও এলইডি বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।<br>(খ) জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে সারাদেশে গৃহীত কর্মসূচির ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, তথ্য অধিদপ্তর, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকাউত্তর/দক্ষিণ সিটি কর্পোরেশন<br>(খ) তথ্য মন্ত্রণালয় |
| ৯. | জাতীয় শোক দিবসের তাৎপর্য উল্লেখ করে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশনের মাধ্যমে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ সকল মোবাইল গ্রাহককে ক্ষুদে বার্তা প্রেরণ করবে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ,<br>বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন |
| ১০. | শিক্ষা প্রতিষ্ঠান, শিশু একাডেমি বা অনুরূপ প্রতিষ্ঠানের অনুরোধের ভিত্তিতে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে জাতীয় শোক দিবস ও বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন করতে পারে। | কিউরেটর<br>বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ<br>ও মহাপরিচালক<br>বাংলাদেশ শিশু একাডেমি |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১১. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ, অধিদপ্তর ও সংস্থা জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। | সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তর |
| | সহায়ক কার্যক্রম:<br>(ক) ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে সরকারি-বেসরকারি সকল প্রাথমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা, কলেজ, মেডিকেল কলেজ ও বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতিপূর্ণ আলোচনা সভা, কবিতা পাঠ, রচনা ও চিত্রাঙ্কন প্রতিযোগিতা, চিত্র প্রদর্শনী, হামদ-নাত প্রতিযোগিতা এবং দোয়া মাহফিলের আয়োজন করবে। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং শিক্ষা মন্ত্রণালয় সংসদ বাংলাদেশ টেলিভিশনের মাধ্যমে ছাত্র/ছাত্রীদের জন্য বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠানের আয়োজন করবে। | (ক) প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন |
| | (খ) তথ্য মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে আলোকচিত্র প্রদর্শনী, নিরীক্ষা, নবারুণ, সচিত্র বাংলাদেশ ও বাংলাদেশ কোয়ার্টারলির বিশেষ সংখ্যা প্রকাশ, স্মরণিকা ও বিশেষ নিবন্ধ প্রকাশ, আলোচনা সভা ও অন্যান্য কার্যক্রম গ্রহণ করবে। গণযোগাযোগ অধিদপ্তর প্রয়োজনীয় ক্ষেত্রে শব্দযন্ত্র সরবরাহ করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী ও কারাগারের রোজনামচা গ্রন্থ দুটির পাঠ আগস্ট মাসব্যাপি প্রচারের ব্যবস্থা করবে এবং কিউরেটর বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতার আগস্ট মাসের শুরুতেই বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক আলোচনা অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে শোক দিবসের কর্মসূচি আরম্ভ করবে। | (খ) তথ্য মন্ত্রণালয়, গণযোগাযোগ অধিদপ্তর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাসস, পিআইবি, বিএফডিসি, ডিএফপি ও কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর |
| | (গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। এছাড়া ইসলামিক ফাউন্ডেশন সারা দেশে ফাউন্ডেশনের সকল দপ্তরে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে পবিত্র কোরআন তেলাওয়াত, হামদ-নাত, আলোচনা সভা ও দোয়া মাহফিলের মাধ্যমে দিবসটি পালন করবে। | (গ) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ইসলামিক ফাউন্ডেশন, জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| | (ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় তার আওতাধীন সংস্থা ও দপ্তরের মাধ্যমে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। | (ঘ) মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় |
| | (ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় তার অধীনস্থ সমাজসেবা অধিদপ্তর, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, সরকারি শিশু পরিবারসহ অন্যান্য সংস্থা, দপ্তর ও প্রতিষ্ঠানে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে পবিত্র কোরআন তেলাওয়াত, আলোচনা অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, হামদ-নাত ও দোয়া মাহফিলের আয়োজন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। | (ঙ) সমাজকল্যাণ মন্ত্রণালয় |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| | (চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে।<br><br>(ছ) সোহরাওয়ার্দী উদ্যানে স্থাপিত স্বাধীনতা স্তম্ভ ও মুক্তিযুদ্ধ জাদুঘরের আশ-পাশের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br><br>(জ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় তার অধীনস্থ সংস্থা ও দপ্তরের মাধ্যমে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মসূচি গ্রহণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে।<br><br>(ঝ) সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরো সকল বেসরকারি সংস্থা (এনজিও) এবং সারাদেশে এনজিও-এর মাধ্যমে পরিচালিত বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের কার্যক্রম গ্রহণ করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। | (চ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়<br><br>(ছ) গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ও জেলা প্রশাসন, ঢাকা<br>জ) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br><br>(ঝ) সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এনজিও বিষয়ক ব্যুরো |
| ১২. | (ক) জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদার সঙ্গে জাতীয় শোক দিবস পালনের জন্য সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন এবং জাতীয় শোক দিবসের সঙ্গে সঙ্গতি রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। জেলা ও উপজেলায় আয়োজিত অনুষ্ঠানসমূহে সরকারি কর্মকর্তাগণের উপস্থিতি আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে।<br><br>(খ) জাতীয় শোক দিবসের সামগ্রিক প্রস্তুতি পর্যালোচনার নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ সকল বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের সঙ্গে ভিডিও কনফারেন্স করবে। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রণালয়/ বিভাগ (সকল), সংযুক্ত অধিদপ্তর, সংস্থা ও দপ্তরসমূহ, বিভাগীয় কমিশনার (সকল)<br>জেলা প্রশাসক (সকল),<br>উপজেলা নির্বাহী অফিসার (সকল)<br><br>(খ) অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ |
| ১৩. | বিভিন্ন প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠন কর্তৃক টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিস্থলে এবং ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ, দোয়া মাহফিল ও আলোচনা সভার আয়োজনের ক্ষেত্রে সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করতে হবে। জেলা প্রশাসন, গোপালগঞ্জ এবং বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ আইন প্রয়োগকারী সংস্থার সহায়তায় এ সকল কর্মসূচির সমন্বয় সাধন এবং শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করবে। | জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, বিভাগীয় কমিশনার, ঢাকা, মহাপুলিশ পরিদর্শক, ঢাকা,<br>জেলা প্রশাসক, ঢাকা,<br>জেলা প্রশাসক, গোপালগঞ্জ,<br>পুলিশ সুপার, গোপালগঞ্জ,<br>বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর কর্তৃপক্ষ |
| ১৪. | জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিত কর্মসূচিতে জেলা পরিষদ ও পৌরসভার অংশগ্রহণসহ দেশের সকল সিটি কর্পোরেশন, পৌরসভা ও ইউনিয়ন পরিষদ যথাযোগ্য মর্যাদায় জাতীয় শোক দিবস পালনের জন্য জাতীয় শোক দিবসের সঙ্গে সামঞ্জস্য রেখে স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। | স্থানীয় সরকার বিভাগ |

| ক্র. | কর্মসূচি | বাস্তবায়ন |
|---|---|---|
| ১৫. | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতি রেখে মন্ত্রণালয়/বিভাগসমূহ স্ব স্ব কর্মসূচি প্রণয়ন ও সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে বাস্তবায়ন করবে। জাতীয় শোক দিবসের অনুষ্ঠান আয়োজনের ক্ষেত্রে ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহারকে অগ্রাধিকার দিতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ জুলাই ২০২০-এ একটি প্রস্তুতিমূলক সভা এবং আগস্ট ২০২০-এর প্রথম সপ্তাহে ফলো-আপ সভা করবে। | সকল মন্ত্রণালয়/বিভাগ |
| ১৬. | বঙ্গবন্ধুর অসমাপ্ত আত্মজীবনী, কারাগারের রোজনামচা, সিক্রেট ডকুমেন্টস অব ইন্টেলিজেন্স ব্রাঞ্চ অন ফাদার অব দি নেশন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার দেখা নয়া চীন ও বাংলাদেশ শিশু একাডেমি কর্তৃক শিশুদের জন্য প্রকাশিত বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক ২৬টি গ্রন্থ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক ক্রয় ও পাঠের ব্যবস্থা এবং রাষ্ট্রীয় অনুষ্ঠান, উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম, ইমাম প্রশিক্ষণ কার্যক্রমে পুরস্কার ও কৃতী শিক্ষার্থীদের উপহার হিসাবে প্রদানের জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে। | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন |
| ১৭. | টুঙ্গিপাড়ায় অনুষ্ঠেয় কর্মসূচি অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনার, ঢাকা সমন্বয় করবেন। | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠ প্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ ও বিভাগীয় কমিশনার, ঢাকা |
| ১৮. | জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ, জেলা ও উপজেলায় প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, অর্থ বিভাগ ও স্ব স্ব মন্ত্রণালয়/বিভাগ |
| ১৯. | জাতীয় শোক দিবসের কর্মসূচি বাস্তবায়ন, পরিবীক্ষণ ও প্রয়োজনীয় সমন্বয় সাধনের জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করবে:<br>ক) ৩২ নম্বর ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি; এবং<br>খ) ঢাকার বনানী কবরস্থানে অনুষ্ঠেয় কর্মসূচি সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় মনিটরিং ও সমন্বয় কমিটি। | মন্ত্রিপরিষদ বিভাগ |
| ২০. | ঢাকাসহ সারাদেশের বিভিন্ন স্থানে স্থাপিত ডিজিটাল বিলবোর্ড/ইলেক্ট্রনিক বিলবোর্ড-এর মাধ্যমে জাতীয় শোক দিবসের কর্মসূচি ব্যাপক প্রচার করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, জেলা প্রশাসক (সকল) উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) |
| ২১. | জাতীয় শোক দিবসের সঙ্গে সংগতিপূর্ণ কর্মসূচি সকল মন্ত্রণালয়/বিভাগ ভার্চুয়াল প্লাটফর্ম ব্যবহার করে আয়োজন করবে। এক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সকল মন্ত্রণালয়/বিভাগ |
| ২২. | মুজিববর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক জাতীয় শোক দিবস উপলক্ষে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হবে। বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ বাস্তবায়ন কমিটি কর্তৃক গৃহীত সকল কর্মসূচি জাতীয় কর্মসূচির সাথে সমন্বয়পূর্বক যথাযথভাবে বাস্তবায়ন করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, মন্ত্রণালয়/বিভাগ (সকল) |

৩। আন্তঃমন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সমন্বয়ের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগে আগস্ট ২০২০-এর প্রথম সপ্তাহে ফলো-আপ সভা অনুষ্ঠিত হবে।

৪। সভাপতি জাতীয় শোক দিবস ২০২০ যথাযোগ্য মর্যাদায় ও ভাবগাম্ভীর্যের সঙ্গে পালনের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানান এবং গৃহীত কর্মসূচি যথাযথভাবে বাস্তবায়নের জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় আর কোনো আলোচ্যসূচি না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২১.৭.২০২০
(খন্দকার আনোয়ারুল ইসলাম)

নম্বর: ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৩৮৬

তারিখ: ১২ শ্রাবণ ১৪২৭
২৭ জুলাই ২০২০

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২. সিনিয়র সচিব (সকল)...........................................................................................মন্ত্রণালয়/বিভাগ
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ
৪. পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ
৫. সচিব (সকল)...........................................................................................মন্ত্রণালয়/বিভাগ
৬. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. রাষ্ট্রপতির সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৮. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ
৯. কিউরেটর, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর, ধানমন্ডি, ঢাকা
১০. প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা
১১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর
১২. বিভাগীয় কমিশনার (সকল)................................................বিভাগ
১৩. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা
১৪. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা
১৫. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, আগারগাঁও, ঢাকা
১৬. মহাপরিচালক, গণযোগাযোগ অধিদপ্তর
১৭. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১৮. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন
১৯. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
২০. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
২১. ...............................................................................
২২. জেলা প্রশাসক (সকল)..................................................... জেলা
২৩. পুলিশ সুপার, গোপালগঞ্জ জেলা
২৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল)

অনুলিপি: কার্যার্থে/জ্ঞাতার্থে

১. সকল কর্মকর্তা, মন্ত্রিপরিষদ বিভাগ
২. মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব (উপসচিব), মন্ত্রিপরিষদ বিভাগ

27-07-2020

(মোঃ সাজ্জাদুল হাসান)
উপসচিব
ফোন: ৯৫৪০৯৭১
মোবাইল: ০১৭১১-৩৭২১৫০